

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৫.২৭.৮৮০.১৭-১৫৩

তারিখঃ ০৩/০৪/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ Service Support for Data Centre & Disaster Recovery Centre and Comprehensive Annual Maintenance for Data Centre, Disaster Recovery Centre, Personalization Centre, 36 Regional Passport Offices, MoFA, 70 SB/DSB, 27 ICP, 4 ICP-VC and 65 Bangladesh Mission (BM) এ রক্ষণাবেক্ষণ সেবা প্রদানের লক্ষ্যে মূল্যায়ন কমিটির সুপারিশ অনুযায়ী সর্বোচ্চ স্কোর অর্জনকারী বেসরকারী প্রতিষ্ঠান Tiger IT BD Ltd এর সাথে চুক্তি স্বাক্ষরের অনুমোদন প্রসংগে।

সূত্রঃ (১) ৫৮.০০.০০০০.০৪৩.০০৭.০০২.১৭.৮৮; তারিখঃ ২৮/০২/২০১৮ খ্রিঃ

(২) ৫৮.০০.০০০০.০৪৩.০০৭.০০২.১৭.১১১; তারিখ ২১/০৩/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কোন দরদাতা ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বারিত (debar) করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্রয়কারীকে পিপিআর, ২০০৮ এর বিধি-১২৭ অনুসরণক্রমে সিপিটিইউকে অবহিত করার শর্ত রয়েছে। এ প্রক্রিয়ায় প্রাপ্ত debarred ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের নামের তালিকা সিপিটিইউ তার ওয়েবসাইটে (www.cptu.gov.bd) প্রদর্শন করে থাকে। ই-জিপি'র ক্ষেত্রে তালিকাটি www.eprocure.gov.bd ওয়েবসাইটে প্রদর্শন করা হয়। দেখা যায়, বর্ণিত প্রতিষ্ঠানটি (Tiger IT BD Ltd) এ দু'টি ওয়েবসাইটের কোনটিতে Debarred list এ অন্তর্ভুক্ত নয়।

০২। প্রসঙ্গত উল্লেখ্য, দরপত্র দাখিলের ক্ষেত্রে দরদাতা ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন সরকারি ক্রয় কাজে debarred নন এ মর্মে তাঁকে Tender Submission Letter-এ (আদর্শ দরপত্র দলিল এর সেকশন-৫) ঘোষণা প্রদান করতে হয়। মূল্যায়ন কমিটি এই ঘোষণাকে বিবেচনায় নিয়ে এবং সিপিটিইউ'র ওয়েবসাইট যাচাই করে সিদ্ধান্ত গ্রহণ করে। Tender Submission Letter-এ debarment বিষয়ে দরদাতার ঘোষণা ভবিষ্যতে অসত্য বলে প্রতীয়মান হলে পিপিএ, ২০০৬ এর ধারা-৬৪ এবং পিপিআর, ২০০৮ এর বিধি-১২৭ অনুযায়ী ক্রয়কারী দরদাতার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে পারে।

০৩। কোন দরদাতার অতীতে সম্পাদিত কাজ এবং অন্যান্য যোগ্যতা/অভিজ্ঞতা সম্পর্কে তথ্য যাচাইয়ের বিষয়টি বিধি-১০০ এ বর্ণিত দাখিল-উত্তর যোগ্যতা যাচাইয়ের অংশ, যা সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটির এখতিয়ারভুক্ত। এ ক্ষেত্রে উক্ত বিধিতে নির্দেশিত সংস্থান অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত দলিল ও তথ্যাদির সংগে সংশ্লিষ্ট সূত্রের সংগে যোগাযোগ এবং বিশেষ ক্ষেত্রে দরদাতার কার্যালয় পরিদর্শন, ইত্যাদি প্রক্রিয়ায় সংশ্লিষ্ট দরদাতার দাখিল-উত্তর যোগ্যতা যাচাই করতে পারে।

০৪। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

মহাপরিচালক
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭।

(মোহাম্মদ সালাহ উদ্দিন)
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪৬৪০

অনুলিপিঃ

১. যুগ্ম-সচিব (বহিরাগমন অধিশাখা-৪), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. অফিস কপি।